

হজ্জ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায়ঃ বাংলাদেশ থেকে হজের সফর : প্রয়োজনীয় দিকনির্দেশনা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মক্কা ও মদীনায়

- বাস থেকে নেমে প্রথমে নিজের মাল-সামানা সংগ্রহ করবেন। মাল-সামানা নিয়ে সরকার অথবা এজেন্সির ভাড়া করা বাসায় আপনার জন্য বরাদ্দ করা কক্ষে গিয়ে উঠবেন। যে হোটেল বা বাসায় উঠবেন তার কয়েকটি কার্ড সংগ্রহ করে রাখুন।
- মক্কায় পৌঁছার পর মু'আল্লিম অফিস থেকে দেয়া হাত বেল্ট সবসময় সাথে রাখবেন। এ বেল্টে মু'আল্লিম অফিসের নম্বর লেখা আছে, যা আপনি হারিয়ে গেলে কাজে লাগবে। ঘর থেকে বাইরে যাওয়ার সময় বেশি টাকা সাথে রাখবেন না। ভিড়ের মধ্যে টাকা হারিয়ে যেতে পারে কিংবা পকেটমারের খপ্পরে পড়তে পারেন। আর সবসময় দলবদ্ধ হয়ে চলার চেষ্টা করবেন। একা কখনো ঘরের বাইরে যাবেন না যতক্ষণ না আপনার বাসার লোকেশন ভালভাবে আয়ত্ব করতে পারেন।
- গোসল করে খাওয়া দাওয়া সেরে সামান্য বিশ্রাম নিয়ে উমরা আদায়ের প্রস্তুতি নিন। সরকারী ব্যবস্থাপনার আওতাধীন হলে আপনার ফ্ল্যাটে অথবা আপনার নাগালের মধ্যে কোনো আলেম আছেন কি-না তা জেনে নিন। আলেম না পেলে হজ্জ উমরা বিষয়ে যাকে বেশি জ্ঞানসম্পন্ন মনে হবে তার নেতৃত্বে উমরা করার উদ্দেশ্যে রওয়ানা হবেন।
- যাওয়ার পথে রাস্তার কিছু জিনিস আলামত হিসাবে নির্ধারণ করবেন, যাতে হারিয়ে গেলে সহজেই আপনার বাসা খুঁজে বের করতে পারেন। আলেম অথবা নেতা নির্ধারণের সময় হকপন্থী কি-না, তা ভালো করে যাচাই করে নিন। অন্যথায় আপনার হজ্জ ও উমরা নষ্ট হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে।
- রোদের মধ্যে বাইরে বেশি ঘোরা-ফেরা করবেন না। প্রচুর ফলের রস ও পানি পান করবেন। প্রয়োজনে লবণ মিশিয়ে পান করবেন। শারীরিক অসুস্থতা অনুভব করলে বাংলাদেশ হজ্জ মিশনের ডাক্তার অথবা সৌদি সরকার কর্তৃক স্থাপিত চিকিৎসাকেন্দ্রসমূহে গিয়ে প্রয়োজনীয় ব্যবস্থাপত্র ও ওষুধ সংগ্রহ করবেন। এ ব্যাপারে কোনো অলসতা করা উচিত নয়। কেননা অসুস্থ শরীর নিয়ে হজের কার্যক্রম সম্পন্ন করা খুবই কঠিন।
- হজ্জ এজেন্সি বা মু'আল্লিমের সাথে কোনো সমস্যা দেখা দিলে আলোচনার মাধ্যমে, ঠান্ডা মাথায় তা সমাধানের চেষ্টা করবেন। প্রয়োজন মনে করলে বাংলাদেশ হজ্জ মিশনের কর্মকর্তাদের সাহায্যও নিতে পারেন।